দৈনিক ইনকিলাব ২

তারিখ 23 NOV 1998
পৃষ্ঠা ৩ কলাম ২

# শিক্ষা অধিদফতরের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত একটি নির্দেশ স্কুল কর্তৃপক্ষকে সংকটে ফেলেছে

**রাজশাহী অফিস ঃ** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের নির্দেশনামা পেয়ে স্কুল কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা ক্ষুব্ধ হয়েছে। স্কুল কর্তৃপক্ষ ও ছাত্র-ছাত্রীরা পড়েছে বিপাকে। শিক্ষা অধিদফতর কর্তৃক এক পত্রে আগামী ১ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বরের মধ্যে প্রথম হতে নবম শ্রেণী পর্যন্ত বার্ষিক পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের নির্দেশ দেয়া হয়েছে। ফলে যে সমস্ত স্কুলে পরীক্ষা শুরু হয়েছিল সেগুলো বন্ধ হয়ে গেছে। আবার এ মাসেই যারা পরীক্ষা নেবার প্রস্তুতি সম্পূর্ণ করেছিল তারাও পড়েছে বেকায়দায়। বেশীর ভাগ স্কুলে তৃতীয় সপ্তাহ থেকে পরীক্ষা শুরুর প্রস্তুতি নেয়া হয়েছিল। সে মোতাবেক স্কুল পরীক্ষার প্রস্তুতির জন্য ছুটি দেয়া হয়েছে। স্কুল খোলার দিন প্রথম পরীক্ষা শুরু হবে, ছাত্র-ছাত্রীরা প্রস্তুত।